যে সকল পিতা-মাতা আইআরসিসি (IRCC) দ্বারা আর্থিক অনুদানপ্রাপ্ত পরিষেবাসমূহ ব্যবহার করছেন তাদের জন্য

নবাগত শিশুদের সেবা কেন্দ্র (CARE FOR NEWCOMER CHILDREN – CNC) সম্পর্কে যাবতীয় বিষয়

স্বাগতম! আমাদের CNC কর্মসূচিটি যে সকল শিশু কানাডায় নতুন এবং IRCC দ্বারা আর্থিক অনুদানপ্রাপ্ত পরিষেবাসমূহ গ্রহণ করেন তাদের সহায়তা করার জন্য বিশেষভাবে পরিকল্পনা করা হয়েছে। আমরা এখানে সাহায্য করার জন্য রয়েছি।

আমরা জানি যে আপনার এবং আপনার পরিবারের জন্য এটি একটি বড় ধরনের পরিবর্তনের সময়। যেহেতু আপনার পরিবার কানাডাতে বসবাস শুরু করছে সেজন্য আমাদের লক্ষ্য হল আপনার সন্তান যাতে তার নিজেকে স্বাগত, নিরাপদ ও সুরক্ষিত মনে করে সেটি নিশ্চিত করা পাশাপাশি তাদের বিকাশে সহায়তা প্রদান ও আত্মবিশ্বাসী হিসেবে গড়ে তোলা।

যখন একটি শিশু CNC কর্মসূচিটিতে থাকে তখন পিতা-মাতাদের সব সময় অবশ্যই সেখানে থাকতে হবে।

আপনার শিশুর নিরাপত্তার চেয়ে বেশি গুরুত্বপূর্ণ আর কিছুই নেই!

আপনি নিশ্চিত থাকতে পারেন যে আমাদের কর্মচারীগণ যোগ্য এবং অভিজ্ঞতাসম্পন্ন।

- সকল কর্মচারীর ব্যাকগ্রাউন্ড/অপরাধ সংক্রান্ত নথি যাচাই করা এবং প্রাথমিক চিকিৎসা সংক্রান্ত প্রশিক্ষণ রয়েছে।
- আমরা CNC-র শর্তাবলী অনুসরণ করি এবং আমরা যে স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত মানদণ্ড পালন করি তা নিশ্চিত করার জন্য আমাদের পর্যবেক্ষণ করা হয়।
- সকল শিশুর সাথে সমানভাবে এবং সন্মানের সাথে আচরণ করা হয় তা নিশ্চিত করার জন্য আমাদের আচরণ ব্যবস্থাপনা সংক্রান্ত নীতি রয়েছে। কর্মচারীদের ইতিবাচক পদ্ধতিতে আচরণের উপর অবশ্যই গুরুত্ব প্রদান করতে হবে। শিশুদের শারীরিকভাবে শাস্তি প্রদান বা তাদের সাথে রূঢ়ভাবে কথাবলার অনুমতি নেই, অবহেলা বা তত্ত্বাবধান সংক্রান্ত ত্রুটিও গ্রহণযোগ্য নয়।
- একটি শিশুকে আঘাত বা অবহেলা করা হয়েছে এমন কোনো পরিস্থিতি সম্পর্কে কর্মচারীদের যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার পেশাগত এবং আইনগত বাধ্যবাধকতা রয়েছে।

আপনি আরো জানার জন্য আগ্রহী হলে আমাদের আচরণ ব্যবস্থাপনা সংক্রান্ত নীতি বা সন্দেহজনক নিপীড়ন/অবহেলা সংক্রান্ত নীতি সম্পর্কিত একটি কপির জন্য নিঃসঙ্কোচে জিজ্ঞাসা করুন।

আপনি CNC-র কাছ থেকে কী প্রত্যাশা করতে পারেন?

কানাডায় যে পদ্ধতিতে আমরা দলগত পরিবেশে শিশুদের দেখাশোনা করি তা আপনার দেশ থেকে ভিন্ন হতে পারে। নিয়মানুবর্তিতা, খাবার, ভাষা, শিক্ষা বা রুটিন সম্পর্কে আপনার প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে জিজ্ঞাসা করুন। গবেষণায় দেখা যায় যে শিশুরা খেলার মাধ্যমে শেখে সেই জন্য কর্মচারীগণ শিশুদের আগ্রহ, বয়স, দক্ষতা ও কৃষ্টির সাথে মানানসই শিক্ষামূলক ক্রীড়া-ভিত্তিক শিক্ষণ কর্মকাণ্ডসমূহের পরিকল্পনা করেন। আপনার শিশু অন্য শিশুদের সাথে সামাজিকতা অনুশীলন করবে এবং দক্ষতার বিকাশ ঘটাবে যা স্কুলের জন্য তাদের প্রস্তুত করবে।

আপনার শিশুকে CNC-তে মানিয়ে নেওয়ার জন্য আপনি কীভাবে সাহায্য করতে পারেন?

CNC শুরু করা সম্পর্কে আপনার শিশুর ভয় থাকা স্বাভাবিক। কর্মচারীগণ পরিবর্তনটি সহজ করার জন্য আপনার সাথে কাজ করবেন তবে প্রথমে আপনার শিশু কান্নাকাটি করতে পারে, আপনাকে জড়িয়ে ধরে থাকতে পারে বা অন্যান্য আচরণ প্রদর্শন করতে পারে। *আপনার শিশুর ভয় সম্পর্কে উদ্বেগ দূর করার জন্য আপনি কীভাবে সাহায্য করতে পারেন সে ব্যাপারে পরামর্শসমূহের জন্য CNC-তে স্বাগতম: সফল বিচ্ছেদ সংক্রান্ত পিতা-মাতার জন্য একটি নির্দেশিকা (Welcome to CNC: A Parent's Guide to Gradual Separations) সম্পর্কিত কপির জন্য জিজ্ঞাসা করুন।*

পিতা-মাতা এবং কর্মচারীদের মধ্যে যোগাযোগ গুরুত্বপূর্ণ!

আমাদের CNC-র কর্মচারীদের সাথে পরিচিত হওয়ার এবং আপনার শিশু সম্পর্কে তথ্য জানানোর জন্য আমরা আপনাকে পরামর্শ প্রদান করি। যখন আমরা সবাই একসাথে কাজ করি তখন আমরা আপনার শিশুকে ভালোভাবে সাহায্য করতে এবং তাদের নিরাপদে রাখতে পারি।

Funded by: Immigration, Refugees and Citizenship Canada / Financé par : Immigration, Réfugiés et Citoyenneté Canada

নবাগত শিশুদের সেবা কেন্দ্র সম্পর্কে যাবতীয় বিষয়

কর্মচারীদের নিচের বিষয়সমূহ সম্পর্কে অবহিত করা নিশ্চিত করুন:

- এলার্জি বা খাবারের ব্যাপারে বিধিনিষেধ;
- অসুস্থতা বা আপনার শিশু যে ঔষধ গ্রহন করছে (অনুগ্রহ করে লক্ষ্য করুন: ঔষধ কেবলমাত্র জীবনের জন্য হুমকিস্বরূপ পরিস্থিতিতে প্রদান করা হয় এবং কখনোই আপনার শিশুর কাছে বা তাদের ব্যাগের মধ্যে রাখা উচিত নয়);
- এবং বিশেষ চাহিদা বা সমস্যাসমূহ। তারা আপনাকে হয়ত সাহায্য করতে পারেন!

এছাড়াও, কর্মচারীদের নিচের বিষয়সমূহ সম্পর্কে অবহিত করা উপকারী হতে পারে:

- আপনার শিশুর ঘুমানোর বা খাওয়ানোর সময়সূচি;
- আপনার শিশুর আগ্রহ এবং প্রিয় খাবার;
- যে সকল শব্দ আপনার শিশুর সাথে যোগাযোগ করার জন্য কর্মচারীদের সাহায্য করতে পারে;
- পরিবার এবং ভাই-বোন সম্পর্কে তথ্য (বা পরিবারের একটি ছবি নিয়ে আসুন);
- এবং আপনি যে বিশেষ পদ্ধতিতে আপনার শিশুর দেখাশোনা করেন এবং আপনি CNC-র কাছ থেকে কী চাইতে পারেন।

অন্য যে বিষয়সমূহ মনে রাখতে হবে:

- আপনার শিশুর নিরাপত্তার জন্য, পিতা বা মাতা যিনি পরিষেবা গ্রহণ করার জন্য নিবন্ধন করেছেন কেবলমাত্র তিনিই তাদের শিশুকে নিয়ে আসতে এবং নিয়ে যেতে পারবেন।
- আপনার শিশুকে নিয়ে আসার এবং নিয়ে যাওয়ার সময় আপনাকে অবশ্যই সবসময় স্বাক্ষর করতে হবে।
- আপনার শিশুকে আবহাওয়া উপযোগী এবং কর্মসূচিতে তারা যে কর্মকাণ্ডসমূহ করবে সেজন্য মানানসই পোশাক পরিধান করান। আপনার শিশু কী পরিধান করবে সে সম্পর্কে আপনার প্রশ্ন থাকলে কর্মচারীদের জিজ্ঞাসা করুন।
- তাদের রুটিন বজায় রাখতে এবং স্কুলের জন্য তাদের প্রস্তুত করতে আপনার শিশুকে নিয়মিতভাবে নিয়ে আসা গুরুত্বপূর্ণ। যদি আপনার শিশুকে অনুপস্থিত থাকতেই হয় তাহলে কর্মচারীদের অবহিত করুন।
- যদি আপনার শিশু অসুস্থ থাকে, অসুখের বিস্তার প্রতিরোধ করার জন্য তাদের বাড়িতে রাখুন। যে সকল শিশুর জ্বর বা ডায়রিয়া হয়েছে তারা CNC-তে ফেরত আসার পূর্বে তাদের অবশ্যই ২৪ ঘন্টা লক্ষণ-মুক্ত থাকতে হবে।

আমাদের CNC কর্মসূচি সম্পর্কে যাবতীয় বিষয়

পরিচর্যাকারীর নাম: ______________________________
Caregiver's Name / Nom du dispensateur de soins

CNC-র সময়সূচি: ______________________________
CNC Hours / Heures de garde d'enfant

	হ্যাঁ Yes / Oui	না Non / Non
টিকা গ্রহণ করা প্রয়োজন Immunization required / L'enfant doit avoir été vacciné	○	○
আমরা হালকা খাবার প্রদান করি We provide snacks / Nous fournissons des collations	○	○
আপনার শিশুর জন্য দুপুরের খাবার/জলখাবার আনবেন Bring food for your child's lunch/snack / Apportez le déjeuner/la collation de votre enfant	○	○
দুপুরের খাবারের সময় আপনি আপনার শিশুর দেখাশোনা করবেন You care for your child at lunch / Vous prenez soin de votre enfant au déjeuner	○	○
আমাদের ঘুমানোর একটি সময়সূচি রয়েছে We have a naptime / Notre programme prévoit une sieste	○	○

	হ্যাঁ Yes / Oui	না Non / Non
স্বাচ্ছন্দ্যবোধ করার মত একটি খেলনা আনবেন Bring a comfort toy / Apportez un jouet réconfortant	○	○
অতিরিক্ত কাপড়চোপড় আনবেন Bring extra clothes / Apportez des vêtements supplémentaires	○	○
ঘরের ভিতরে ব্যবহারের জন্য জুতো আনবেন Bring indoor shoes / Apporter des chaussures d'intérieur	○	○
একটি কম্বল আনবেন (প্রয়োজনে) Bring a blanket (if needed) / Apportez une couverture (si nécessaire)	○	○
ডায়াপার আনবেন (প্রয়োজনে) Bring diapers (if needed) / Apportez des couches (si nécessaire)	○	○

CMAS
অভিবাসী অল্পবয়সী শিশুদের যত্ন এবং বসতি-স্থাপন সংক্রান্ত সহায়তা

পিতা-মাতার জন্য আরও তথ্যপূর্ণ সম্পদসমূহ: www.cmascanada.ca-এ দেখুন

Care for Newcomer Children

Funded by: Immigration, Refugees and Citizenship Canada / Financé par : Immigration, Réfugiés et Citoyenneté Canada